চিকিৎসা সেবা থেকে বঞ্চিত সে অঞ্চলেই জায়গা খুঁজতে

আলমডাঙ্গায় প্রস্তাবিত ২০ শয্যা হাসপাতাল নির্মাণ উপলক্ষে ক্রয় পূর্বক নির্ধারিত জমি পরিদর্শন করলেন এমপি ছেলুন। শুক্রবার বিকেল ৪ টার দিকে ২০ বেডের হাসপাতাল নির্মাণ ও জমিক্রয়কৃত আহবায়ক কমিটির নেতৃবৃন্দের মাধ্যমে ৩ টি প্রস্তাবিত জমি পরিদর্শন করেন। জমি সমূহ হলো-বন্ডবিল রেলগেট সংলগ্ন, উত্তরা তেলপাম্পের নিকট নার্সারি ও হাউসপুর ধানের ক্ষেত।

২০ বেডের হাসপাতাল হাউসপুর নাকি বন্ডবিলে নির্মাণ করা হবে এ নিয়ে ধোঁয়াশা কাটছে না এলাকাবাসীর। ৭ ইউনিয়নবাসী চিকিৎসা সেবা থেকে আবারো কি বঞ্চিত হবে এমনটাই দাবি করেন প্রবীন ব্যাক্তিরা।

শুক্রবার বিকেলে জমি পরিদর্শন শেষে আলমডাঙ্গার বণিক সমিতির হল রুমে এক আলোচনা সভায় উপস্থিত হয় জেলা আওয়ামীলীগের সভাপতি ও ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন। অনুষ্ঠানে বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, আমি আলমডাঙ্গায় হাসপাতাল নির্মাণ করবো। দ্রুত জমি কেনার জন্য অর্থ সংগ্রহ করুন। এ অঞ্চলে হাসপাতাল নির্মাণকে কেন্দ্র করে কেউ ঠেলাঠেলি না করে সাধারণ মানুষের চিন্তা করতে হবে। যে অঞ্চলের মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত সে অঞ্চলেই জায়গা খুঁজতে হবে।

জমি যত দ্রুত ক্রয় করা যাবে তত দ্রুত হাসপাতালের নির্মাণ কাজ শুরু করা হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক ও ২০ বেডের হাসপাতাল বাস্তবায়ন পরিষদের যুগ্নআহবায়ক কামাল হোসেন, বনিক সমিতির সাবেক সভাপতি আলহাজ্ব রফিক মিয়া, সাবেক সভাপতি আলহাজ্ব শমসের মল্লিক, আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আলাউদ্দিন মিয়া, শেখ আবু জাফর, বণিক সমিতির সাবেক সম্পাদক রবিউল হক, আলহাজ্ব আহম্মদ আলী, মও: আব্দুল কাদের, প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, ভাটা মালিক আলহাজ্ব ঠান্ডু রহমান, আমিনুল ইসলাম, আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল, মোহাম্মদ আলী, সাবেক চেয়ার আজিবার রহমান, আবু মুসা, ডা: একরামুল হক,

হাবিবুল করিম চঞ্চল, মাফফুজুর রহমান মোল্লা, জাহাঙ্গীর আলম মোল্লা, ইকবাল হোসেন প্রমূখ।

আলমডাঙ্গায় সামাজিক সংগঠনের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

আলমডাঙ্গায় করোনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। শুক্রবার সকাল ১১ টার দিকে আনন্দধাম সড়কের আইন উদ্দিন মিয়ার চাতাল মোড়ে এ ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

অস্ট্রেলিয়ার সামাজিক সংগঠন কেয়ার ফর হিউম্যানেটি ও সামাজিক সংগঠন উই ফর অল দুটি সংগঠনের যৌথ উদ্যোগে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। প্রথম পর্যায়ে ২ শত ২০ জন দুস্ত মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে রাজু এন্টারপ্রাইজের সত্বাধিকারী মকবুল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন পৌর মেয়র সভাপতি হাসান কাদির গনু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, বাবলু মাস্টার, আলমডাঙ্গা মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক শরিফুল ইসলাম লিটন, ব্যাংকার আব্দুল মতিন, হাজী রফিকুল আলম, পৌর আওয়ামীলীগের দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল।

স্বাগত বক্তব্য রাখেন ইউ ফল অলের সাধারন সম্পাদক ক্রীড়া ব্যক্তিত্ব আব্দুর রাজ্জাক রাজু। প্রেস ক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উই ফর অলের স্বপ্ন ঘর ফাউন্ডেশনের আলমডাঙ্গার পরিচালক শরিফুল ইসলাম রোকন, সদস্য জাহাঙ্গীর আলম, সুমন মাহমুদ প্রমুখ। পরে ক্যান্সার আক্রান্ত ভ্যান চালক নইমদ্দিনের স্ত্রী আঙ্গুরা খাতুনকে ৫ হাজার টাকা প্রদান করেন।

আলমডাঙ্গায় গাঁজাসহ বজলু আটক, পলাতক দুজনের বিরুদ্ধে মামলা

আলমডাঙ্গার বাড়াদি গ্রামে মাদক বিরোধী অভিযানে বজলু (৪৫) নামে একজনকে ৫শ গ্রাম গাঁজা সহ আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশি ফোর্স তাকে আটক করে। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫ শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের চারাপাড়া গ্রামের মৃত মহিউদ্দিনের জামাতা বজলু রহমান। সে দীর্ঘদিন বাড়াদি গ্রামে বসবাস করে আসছে। এরই সুযোগে বাড়াদি সহ বিভিন্ন অঞ্চলে পাইকারি ও খুচরা গাঁজা বিক্রয় করে। পুলিশি অভিযান পরিচালনা করলে তারা ধরাছোঁয়ার বাইরে থাকে।

বৃহস্পতিবার আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলামের নির্দেশে এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এসময় বাড়াদি বাজার প্রাঙ্গণ থেকে বজলুর রহমানকে আটক করে পুলিশ। এসময় তার সাথে থাকা আরো দুজন ক্রেতা পুলিশের উপস্থিততে পালিয়ে যায়। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এ বিষয়ে আলমডাঙ্গা থানায় বজলুসহ পলাতক দুজনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গার হোটেল সাহিদ প্যালেসের রাফেল কনভেনশন হল অ্যান্ড কমিউনিটি সেন্টারে এ বর্ধিত

সভা অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপুর সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ কেন্দ্রীয় কমিটির সহসভাপতি সৈয়দ নাসির উদ্দীন।এ সময় প্রধান অতিথি বক্তব্য তিনি বলেন, নতুন শক্তি নিয়ে জেগে উঠবে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ। বাংলাদেশের উন্নয়নে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। বাংলাদেশকে সমৃদ্ধির পথে নিয়ে যাচ্ছেন।

আর এই উন্নত বাংলাদেশ গড়ার অগ্রযাত্রাকে কোনো ষড়যন্ত্রকারী রোধ করতে পারবে না। তারই নেতৃত্বের প্রতি অবিচল আস্থা রেখে স্বেচ্ছাসেবকলীগের এগিয়ে যেতে হবে।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম।জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতির পরিচালনায় বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক শাকিল আহমেদ বাবু, উপ- আইন বিষয়ক সম্পাদক অ্যাড. জিসান মাহমুদ।

বর্ধিত সভায় জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সম্মেলন, উপজেলা ও ইউনিয়ন কমিটির সম্মেলন ও দলীয় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম. বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা জানানো হয়ছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজারে তাকে এ ফুলেল শুভেচ্ছা প্রদান করে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অংঙ্গসহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে যোগদানের উদ্দেশ্য তিনি চুয়াডাঙ্গা হয়ে মেহেরপুর যাচ্ছিলেন। পথিমধ্যে তাকে এ ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতি, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. জানিফ, চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মাফিজুর রহমান মাফি সহ নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা ডায়মন্ড ওয়ার্ল্ড শো-রুমের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলায় প্রথম ডায়মন্ড ওয়ার্ল্ডের শো- রুমের শুভ উদ্বোধন করা হয়েছে।অলংকারে আভিজাত্যের ছোঁয়া নিয়ে আন্তর্জাতিক মান ও অত্যাধুনিক ডিজাইনের ডায়মন্ড ওয়ার্ল্ডের জুয়েলারি পণ্য ক্রেতাদের দোরগোড়ায় পৌঁছে দিতে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে উদ্বোধন করা হল চুয়াডাঙ্গায় প্রথম নতুন শো-রুম।

বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটার সময় ফিতা কেটে শো-রুমটি উদ্বোধন করেন এফবিসিসিআইয়ের পরিচালক, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ জুয়েলার্স সমিতির সাধারণ সম্পাদক দিলীপ কুমার আগরওয়ালাসহ ব্যবসায়িক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। শো-রুমটি উদ্বোধনের পরই ক্রেতা ও দর্শনার্থীদের ঢল নামে।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্সের সভাপতি ইয়াকুব হোসেন মালিক, সিঙ্গাপুরস্থ বাংলাদেশ ব্যবসায়ী সমিতির (বিডিচ্যাম) সাবেক সভাপতি সাহিদুজ্জামান টরিক,চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ, জেলা প্রেসক্লাব সভাপতি অ্যাড. মানিক আকবর প্রমুখ।

ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা বলেন, সারা দেশের মধ্যে চুয়াডাঙ্গায় ২৫ তম শো রুমের যাত্রা শুরু হলো। ডায়মন্ড ওয়ার্ল্ডের শো রুম এ জেলাবাসীর দীর্ঘদিনের দাবী ছিল। নতুন শো রুম উপলক্ষে চুয়াডাঙ্গার মানুষের জন্য বিশেষ ছাড় ও সুবিধার ব্যবস্থা রয়েছে বলেও জানান তিনি।

মনোনয়ন ফর্ম জমা দিলেন চেয়ারম্যান পদপ্রার্থী ইমরান

চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলায় চিৎলা ইউনিয়ন চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে দলীয় কার্যালয়ে মনোনয়ন ফরম ক্রয় এবং মনোনয়ন ফরম জমা প্রদান করেছেন শাহ্ আল ইমরান।
বুধবার বেলা সাড়ে এগারো টার সময় বাংলাদেশ আওয়ামী লীগের ধানমন্ডির দলীয় কার্যালয়ে নেতাকর্মীদের সাথে নিয়ে তিনি নৌকার মনোনয়ন প্রত্যাশী হিসেবে মনোনয়ন ফর্ম জমা প্রদান করেন। এ সময় চেয়ারম্যান পদপ্রার্থী শাহ্ আল ইমরান সকলের দোয়া কামনা করেন।

হাত পরিস্কার থাকলে শরীর সুস্থ

থাকবে হাত ধোয়া দিবসে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার

আমাদের হাতেই আমাদের ভবিষ্যৎ এই স্লোগান কে সামনে রেখে চুয়াডাঙ্গায় যথাযথভাবে পালিত হয়েছে হাত ধোয়া দিবস।
রবিবার বেলা বারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষার্থীদের নিয়ে হাত ধোয়া দিবস পালন করা হয়। চুয়াডাঙ্গায় হাত ধোয়া দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলে, হাত পরিস্কার থাকলে শরীর সুস্থ থাকবে । পরিষ্কার-পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। আজকে হাত ধোয়ার মাধ্যমে শিশুরা এ গুণটি রপ্ত করে কলেরা, ডায়রিয়াসহ নানাবিধ রোগ থেকে মুক্ত হয়ে সুস্থ জীবন লাভ করবে।গবেষণায় দেখা গেছে, সাবান দিয়ে হাত ধোয়া কম খরচে উন্নতমানের একটি স্বাস্থ্যাভাস। এতে ডায়রিয়াজনিত রোগের সংক্রমণ ৪০ শতাংশের বেশি এবং অন্যান্য জীবাণুর আক্রমণ প্রায় ৫০ শতাংশ হ্রাস পায়।

হাত ধোয়া দিবস অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)সাজিয়া আফরিন,সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ হাবিবুর রহমান সহ বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষার্থী ও অভিভাবক বৃন্দ।

চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হলো শেখ রাসেল দিবস

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিনে চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হলো শেখ রাসেল দিবস। শেখ রাসেল দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় পুষ্প্যমাল্য অর্পণ, আলোচনা সভা গুণীজনদের সম্মাননা ক্রেস্ট দেওয়া সহ হয়েছে।

সোমবার সকাল সাড়ে ছয়টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের

কার্যালয়ে শেখ রাসেলের প্রকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক পুলিশ সুপার সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ। সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

‘শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস’ এই প্রতিপাদ্য সামনে রেখে রাষ্ট্রীয়ভাবে নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ তাঁর জন্মবার্ষিকী উদযাপন করা হচ্ছে। এবারই প্রথম ‘ক’ শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে শেখ রাসেল এঁর জন্মদিন উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার।জেলা প্রশাসন,চুয়াডাঙ্গা কর্তৃক যথাযথ মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে। দিবসের প্রথমভাগে জেলা প্রশাসক,চুয়াডাঙ্গা মোঃ নজরুল ইসলাম সরকার জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাদের নিয়ে শহীদ শেখ রাসেল এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে আল্লাহ পাকের দরবারে দোয়া ও মোনাজাত করা হয়। শেখ রাসেল এঁর জন্মদিন উপলক্ষে জেলা প্রশাসক,চুয়াডাঙ্গা মহোদয়ের নেতৃত্বে কেক কাটা হয় এবং ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়াও শহীদ শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস – ২০২১ উদযাপন উপলক্ষে আয়োজিত সেমিনার, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন), মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাহিদুল ইসলাম, পুলিশ সুপার, চুয়াডাঙ্গা জাহাঙ্গীর আলম মালিক (খোকন), মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা এবং উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মান্যবর জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মোঃ নজরুল ইসলাম সরকার

চুয়াডাঙ্গায় ভেজাল টিএসপি সার মজুদ ও বিক্রয়ের অপরাধে ১ লক্ষ

টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় ভেজাল টিএসপি সার মজুদ ও বিক্রয়ের অপরাধে ১ লক্ষ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর রবিবার বেলা সাড়ে বারোটার সময় সরোজগঞ্জ বাজারে চুয়াডাঙ্গা কর্তৃক ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

অভিযানে ভেজাল সারের মজুদ ও বিক্রয়ের অপরাধে মেসার্স নয়ন ট্রেডার্স নামক একটি প্রতিষ্ঠানের মালিক নয়ন আহম্মেদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত ৭৩ বস্তা ভেজাল টিএসপি সার স্থানীয় জনপ্রতিনিধি, জনগণ ও সাংবাদিকদের সামনে বিনষ্ট করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষি অফিসার তালহা জুবাইর মাশরুর, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মানিক আলী সহ স্হানীয় ব্যক্তিবর্গ। জনস্বার্থে এ অভিযান পরিচালনা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন তিনি।